

২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল কুমিল্লা সদর দক্ষিণ কুমিল্লা নৈতিকতা কমিটির  
৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা  
সভার তারিখ : ১২/০৬/২০২২ খ্রি।  
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।  
সময় : বেলা ০৯.০০ ঘটিকা।

### সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুরোধক্রমে অত্র দপ্তরের উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ), জনাব ইউসুফ আলী মজুমদার জানান যে, প্রতি কোয়ার্টারে একটি নৈতিকতা কমিটির সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে, সেই ধারাবাহিকতায় চতুর্থ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ইউসুফ আলী মজুমদার নৈতিকতা কমিটির বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থিত করেন। বিগত সভার সিদ্ধান্ত পর্যালোচনায় দেখা যায় প্রায় সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। অতঃপর উপস্থিত সকলকে উন্মুক্ত আলোচনার আহ্বান জানানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- ১) দপ্তরের চতুর্থ কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণ করতে হবে।
  - ২) শুদ্ধাচারে বিশেষ অবদানের জন্য কর্মকর্তা-কর্মচারীদের সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
  - ৩) আগামী ২০২২-২৩ অর্থবছরেও সকল কার্যক্রম আরো সুন্দর ভাবে চালিয়ে যাওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
- সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি ও উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৬/২০২২  
ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯৩৩.০০০.০৬.০২৯.২২.১২৩  
অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

তারিখঃ ১২/০৬/২০২২ খ্রি.

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।